

### রাবি শিক্ষকের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ

স্টাফ রিপোর্টার, রাজশাহী: রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক এটিএম রফিকুল ইসলামের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। রাবি ছাত্রলীগের কর্মী এবং বিশ্ববিদ্যালয়ের ভাষা বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রী এ অভিযোগ করেছেন। অভিযুক্ত শিক্ষকের শান্তির দাবিতে রবিবার বেলা সাড়ে বারোটায় কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে মানববন্ধন করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা। তবে ওই শিক্ষক এ অভিযোগ অস্বীকার করেছেন।

ভুক্তভোগী ওই ছাত্রী সাংবাদিকদের বলেন, আমি বিশ্ববিদ্যালয়ের রোকিয়া হলের গণরুমে থাকতাম। গত ২৩ নবেম্বর হলের সিটের জন্য প্রাধ্যক্ষের কক্ষে যাই। তিনি এ সময় কুরুচিপূর্ণ ও আপত্তিকর অনেক মন্তব্য করেন।

ওই ছাত্রী আরও বলেন, গত ১৬ ডিসেম্বর বিছয় দিবসের র্যালি শেষে হলে ফেরার পথে হল গেটে রফিকুল ইসলাম স্যার আমাকে প্রাধ্যক্ষের কক্ষে দেখা করতে বলেন। আমি রুমে গিয়ে দেখি স্যার একা বসে আছেন এবং প্রশ্নেই আমাকে বলেন, 'শুধু ছাত্রলীগ করলেই কি হলে সিট হবে? হলের সিটের জন্য আমাদের কাছেই আসতে হবে।' এ সময় তার কথাবার্তা এবং শারীরিক প্রকাশভঙ্গি ছিল অত্যন্ত আপত্তিকর ও কুরুচিপূর্ণ।